৮৩

দৈনিক বাংলা

তারিখ 24 JUN 1994
পৃষ্ঠা ৪ কলাম ৫

### শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক

# ১৫ জুলাই পর্যন্ত পলিটেকনিক শিক্ষকদের ধর্মঘট স্থগিত

বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি তাদের আহূত অবিরাম কর্মবিরতি কর্মসূচী আগামী ১৫ জুলাই পর্যন্ত স্থগিত ঘোষণা করেছে। উল্লেখ্য, এ কর্মসূচী আগামী ২৬ জুন শুরু হওয়ার কথা ছিল।

বৃহস্পতিবার শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের সাথে সমিতির সভাপতি খন্দকার শাহাবুদ্দিন মাহমুদ ও সাধারণ সম্পাদক শামসুর রহমানের নেতৃত্বে সমিতির ১৪ সদস্যের এক প্রতিনিধিদলের এক বৈঠকে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। খবর তথ্য বিবরণীর।

সভায় দেশের ২০টি পলিটেকনিক ইনস্টিটিউট-এর দ্বিতীয় শিফট চালু, ৮টি ইলেকট্রনিক্স বিভাগ ও তিনটিতে কম্পিউটার টেকনোলজি চালু, পলিটেকনিক শিক্ষকদের চাকরি কাঠামো পুনর্গঠন এবং চারটি বিভাগে মহিলা পলিটেকনিক প্রতিষ্ঠাসহ সমিতির ৯ দফা দাবি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

শিক্ষামন্ত্রী পলিটেকনিক শিক্ষকদের বিভিন্ন দাবি ধৈর্যসহকারে শুনেন এবং তাদের সমস্যা সমাধানের আশ্বাস দেন।

সভায় শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব খোদেজা আজম, কারিগরি শিক্ষার মহাপরিচালক রফিকুল হক, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আবদুর রফিক, সমিতির সহ-সভাপতি আঃ রশীদ ও শাখাওয়াৎ হোসেন মোল্লা, যুগ্ম সাধারণ সম্পাদক এম ইদ্রিস আলী ও এজিএম শাহাবুদ্দিন, সাংগঠনিক সম্পাদক মিঃ নির্মল শিকদার, ঢাকা শাখার সভাপতি আবদুর রউফ এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ ফেরদৌস প্রমুখ উপস্থিত ছিলেন।